উপজেলা পরিষদ কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট

বিষয় ঃ উপজেলা পরিষদের জুলাই/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ বিধান কান্তি হালদার
প্রশাসক, উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ ঃ ২৮/০৭/২০২৫ খ্রিঃ
সভার সময় ঃ সকাল- ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট “ক”

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ২৯/০৬/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, আদিতমারী, লালমনিরহাট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, চলতি খরিপ-২/২০২৪-২৫ অর্থবছরে আদিতমারী উপজেলার রোপা আমন বীজ তলা ৭৪৬ হেক্টর এবং রোপা আমন আবাদের অগ্রগতি চলমান ১১৫০৮ হেক্টর ও শাকসবিজ-৪২০ হেক্টর। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার ইউরিয়া-৭৬৬ মে.টন, টিএসপি-৩০.১৫ মে.টন, ডিএপি-২১৪.৩০ মে.টন এবং এওপি-২৪৩.১০ মে.টন মজুদ আছে। পাট ফসল কর্তন চলমান রয়েছে ও বিভিন্ন ফসলের পোকা মাকড় ও রোগবালাইয়ের আক্রমন নিয়ন্ত্রনে রয়েছে। ডিজেলের মজুদ সন্তোষজনক। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | (১) মাঠ পর্যায়ে বিভিন্ন ফসলের পোকা মাকড় ও রোগবালাইয় দমন/প্রতিরোধে উপসহকারী কৃষি কর্মকর্তাগণদ্বারা নিয়মিত পরিদর্শন করতে হবে। এবং সারের দোকানগুলো নিয়মিত মনিটরিং করতে হবে কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার আদিতমারী। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করতে হবে এবং আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আদিতমারী, |
| ০৩ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, বর্তমান সময়ে খামারিদের জন্য সুখবর হলো লাম্পিস্কিন রোগের ২০০০টি ভ্যাকসিন উপজেলা প্রাণিসম্পদ অফিসে সরকারি ভাবে সরবরাহ পাওয়া গেছে। যা সম্পুর্নভাবে আমাদের দেশেই উদ্ভাবন করা হয়েছে। ফলে এখন থেকে এই রোগের প্রতিরোধক হিসেবে খামারিরা তাদের খামারের পশুর উপর প্রয়োগ করতে পারবে। উপজেলা প্রাণীসম্পদ দপ্তর থেকে পরবর্তীতে আরো চাহিদা প্রেরণ করা হবে। যাতে আদিতমারী উপজেলার প্রতিটি খামারের প্রত্যেক পশুর উপর প্রয়োগ করা যায়। তিনি সভায় উপস্থিত সকল ইউপি চেয়ার্যানগণের দৃষ্টি আকর্ষন করে জানান যে, যে সকল খামারিগণ এখনো এই রোগের ভ্যাকসিন তাদের খামারের পশুর উপর প্রয়োগ করেননি তাদের উপজেলা প্রাণিসম্পদ অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ জানান। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রমক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে। পিপিআর রোগের ভ্যাক্সিনেশনের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনাসহ গবাদি পশু মোটাতাজা করণের জন্য স্টোরয়েট বা হরমোন ব্যবহারের নিরুৎসাহিত করার প্রচার প্রচারনা চালাতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী। |
| ০৪ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি'র এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি) অর্থ দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের কাজ ইতোমধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের ১ম কিস্তির বরাদ্দ এখনো পাওয়া যায়নি। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিল এডিপি'র বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী আদিতমারী। |

চলমান পাতা-০২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী সভায় জানান যে, এ বছর সরকারের সিদ্ধান্ত অনুযায়ী প্রাথমিক পর্যায়ের ৫ম শ্রেণীর বৃত্তি পরীক্ষা আগামী ২১-২৩ ডিসেম্বর/২০২৫ অনুষ্ঠিত হবে। প্রতিটি বিদ্যালয়ের ৫ম শ্রেণীর মোট ছাত্রছাত্রীর ৪০% এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী কিন্ডার গার্টেন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়ারোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানের অর্ধ-বার্ষিক পরীক্ষা ইতোমধ্যে শেষ হয়েছে। মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | (১) শিক্ষার মান বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং করতে হবে। কোন অনিয়ম হলে লিখিত ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) শিক্ষার মানবৃদ্ধি ছাত্রছাত্রী ঝরেপড়া রোধে এবং বাল্য বিবাহ প্রতিরোধে বিদ্যালয়গুলোতে নিয়মিত অভিভাবক সমাবেশের আয়োজন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী |
| ০৭ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী, সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের কাবিখা/কাবিটা ও টিআর এর কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। কাজের মান সন্তোষজনক। ২০২৩-২৪ অর্থ বছরে এ উজেলায় বাস্তবায়নাধীন সেতু/কালভার্ট নির্মাণ ০৭টি প্রকল্পের মধ্যে ৬টির কাজ ১০০% সম্পন্ন হয়েছে। শুধুমাত্র পলাশী ইউনিয়নের টুরুর বাজার হয়ে তালুক পলাশী স্কুল যাওয়ার রাস্তায় সেকেন্দারের বাড়ীর পার্শ্বে রাস্তা ব্রীজ নির্মাণ প্রকল্পের কাজ ৯৫% সম্পন্ন হয়েছে। ঠিকাদারকে দ্রুত কাজ শেষের তাগিদ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | পলাশী ইউনিয়নের টুরুর বাজার হয়ে তালুক পলাশী স্কুল যাওয়ার রাস্তায় সেকেন্দারের বাড়ীর পার্শ্বে রাস্তা ব্রীজ নির্মাণ প্রকল্পের কাজ গুনগতমান বজায় রেখে দ্রুত সম্পন্ন হয়েছে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী |
| ০৮ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, আদিতমারী, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় বিস্তারিত কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, আদিতমারী |
| ০৯ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় বিস্তারিত কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার আদিতমারী |
| ১০ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় বিস্তারিত কার্যপত্রসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃপঃ অফিসার আদিতমারী |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, এ বছর সারা দেশ থেকে যুব পুরস্কার প্রদানের জন্য মাত্র ১২জন নির্বাচিত করা হয়েছে। আনন্দের বিষয় হলে এই ১২জনের মধ্যে আদিতমারী উপজেলার সারপুকুর যুব ফোরাম পাঠাগারের প্রতিষ্ঠাতা জনাব মোঃ জামাল হোসেন নির্বাচিত হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী সভায় নিম্নোক্তভাবে তার দাপ্তরিক কার্যক্রম উপস্থাপন করেন। ১। ভিডব্লিউবি কার্যক্রমঃ জুলাই/২০২৫ থেকে জুন/২০২৭ চক্রের ভিডব্লিউবি কার্যক্রম ১৪ জুলাই ২০২৫ চূড়ান্ত সভায় ৮টি ইউনিয়ন পরিষদের অনুকুলে ২৩৮৭ জন ভাতাভোগীর নামের তালিকা অনুমোদন করা হয় এবং এই তালিকায় কোন প্রকার অনিয়ম/অভিযোগ গ্রহণের জন্য ৩০/০৭/২০২৫ খ্রি: পর্যন্ত গণ বিজ্ঞপ্তি জারি করা হয়।<br>০২। মা ও শিশু সহায়তা কার্যক্রম:- ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য প্রতি ইউনিয়ন এর অনুকূলে মাসে ০৯জন করে মা ও শিশুর বরাদ্দ জুন/২০২৫ খ্রি: তারিখ শেষ হয়। ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য ভাতার বরাদ্দ পাওয়া যায় নাই। | জুলাই/২০২৫ থেকে জুন/২০২৭ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের বাছাইকৃত তালিকার উপর কোন সুস্পষ্ট অভিযোগ পাওয়া গেলে তা বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী |

চলমান পাতা-০৩

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৩। প্রশিক্ষণকার্যক্রম (ডব্লিউ,টি,সি):-২০২৫-২০২৬ অর্থবছরের উপজেলা মহিলা প্রশিক্ষণ কার্যক্রম (ডব্লিউ, টি.সি) এর ১ম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br><br>০৫। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিলঃ- এই তহবিলের আওতায় সদর কার্যালয় হতে ১৩,০০,৯৫২/৫৮ টাকা পর্যাক্রমে পাওয়া গেছে উক্ত টাকা বর্তমানে রিকোভারী হিসাবে ২৫,৪৬,০০০/৩৯ টাকায় দাড়িয়েছে। বর্তমানে অনাদায়ী চলতি মাঠে ৬,৪৮,৩৯০/-টাকা মেয়াদ উত্তীর্ণ (খেলাপী) ৪,৯৪,২৯৬/৩৯ টাকা অনাদায়ী।<br><br>০৬। কিশোর-কিশোরী ক্লাবঃ- ২০১৯-২০২০ অর্থবছর হতে অত্র উপজেলার ৮টি ইউনিয়ন পরিষদের নিকটবর্তী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের একটি শ্রেণীকক্ষে প্রতি শুক্র ও শনিবার ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরসহ মোট ৩০ জনকে সংগীত ও আবৃত্তি শিক্ষা প্রদান করা হচ্ছে এবং ক্লাস শেষে ছাত্র ছাত্রীদের মাঝে আয়কর এবং ভ্যাটসহ ১৫ টাকার নাস্তা, ৩০ জনের মাঝে প্রদান করা হয়। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান।<br><br>০৭। স্বেচ্ছাসেবী মহিলা সমিতি/সংস্থাঃ- ২০২৪-২০২৫ অর্থবছরের সমিতি/সংস্থার কর্যক্রম চলমান। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী, আদিতমারী। |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী সভায় জানান যে, (১) **বিভাগীয় ঃ** ক) অডিট যোগ্য সমিতির সংখ্যা- ১২৩টি, খ) অডিট সম্পাদনকৃত সমিতির সংখ্যা- ১২৩ টি, গ) অডিট নোট দাখিল- ১২৩টি, বর্তমানে এ পর্যন্ত সমবায় সমিতির সংখ্যা ১২৮ টি। (২) **অডিট সেস ঃ** ক) ধার্যকৃত অডিট সেস- ৩১৬৩০/- টাকা, খ) আদায়কৃত অডিট সেস- ৩১৬৩০/- গ) অনাদায়ী অডিট সেস- নেই, ঘ) ১৫% ভ্যাট আদায়- ৪৭৫৬/- টাকা, ঙ) আদায় হার- ১০০%। (৩) **সিডিএফ ঃ** ক) ধার্যকৃত সিডিএফ- ২৫৮৭৩/- টাকা, খ) আদায়কৃত সিডিএফ-২৫৮৭৩/- টাকা, গ) অনাদায়ী সিডিএফ- নেই, ঘ) আদায় হার- ১০০%। (৪) **লভ্যাংশ বিতরণ যোগ্য ঃ** (৫) **আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ ঃ** ক) মোট আশ্রয়ন= ২টি, আশ্রয়ন (ফেইজ-২)= ০২টি। মোট আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ = ৪টি এবং সমিতি মোট= ৫টি, খ) ব্যারাক সংখ্যা- ২২টি, গ) কক্ষ ও পূনর্বাসিত পরিবার সংখ্যা- ২২০টি, ঘ) মোট সদস্য সংখ্যা-৪৫১ জন (পুরুষ- ২১২, মহিলা- ২৩৯ জন), ঙ) কমিউনিটি সেন্টার- ০৩ টি, চ) পুকুর/দিঘী- ০৩ টি। **ঋণ সংক্রান্ত ঃ** ক) আবাস হতে প্রাপ্ত মোট বরাদ্দ- ১৬,৬০,০০০/- টাকা, খ) প্রকল্পে ঋণ দাদন (ক্রমপুঞ্জিভূত)- ৪০,৪৩,৫০০/- টাকা, গ) ঋণ আদায় (ক্রমপুঞ্জিভূত)- ২৯,৭৪,০৪৬/- টাকা (আসল- ২৭,৫৩,৭৪৬/- টাকা, সাঃ চাঃ ২,২০,৩০০/-টাকা)। ঘ) খেলাপী ঋণ- ১৫,৫৬,৩৫৪/- টাকা, ঙ) আদায়ের হার- ৮৬%, চ) আবাসে সার্ভিস চার্জ প্রেরণ- ৮২৬১২/- টাকা। সমবায় বিভাগ কর্তৃক প্রকল্প সিভিডিপি হতে প্রেরণসহ এ যাবৎ বিভিন্ন ট্রেডে মোট ৩৪০ জন প্রশিক্ষণ সফলভাবে গ্রহণ করেছেন এর মধ্যে ২০০ জনের স্বকর্মস্থানের সৃষ্টি হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা সমবায় অফিসার-কে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে (লালমনিরহাট-পাটগ্রাম মহাসড়ক ) সাপ্টিবাড়ী হতে পলাশী বাজার আদিতমারী সীমানা পর্যন্ত ১০.০০ কিলোমিটার (সিডলিং) বনায়ন এর কাজ চলমান রয়েছে। পরবর্তীতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষ্যে সাপ্টিবাড়ী ইউনিয়ন পরিষদের বিভিন্ন রাস্তায় ৫.০০কিলোমিটার সিডলিং বনায়ন করা হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সাপ্টিবাড়ী হতে পলাশী বাজার আদিতমারী সীমানা পর্যন্ত ১০.০০ কিলোমিটার চলমান (সিডলিং) বনায়ন এর কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, আদিতমারী |
| ১৭ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আদিতমারী সভায় জানান যে, অভ্যন্তরিন বোরো সংগ্রহ ২০২৫ মৌসুমে চাল/ধান সংগ্রহ অভিযান সুষ্ঠুভাবে চলমান রয়েছে। খাদ্যবান্ধন কর্মসূচির আওতায় খাদ্যবান্ধব ডিলার নিয়োগ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারের নির্ধারিত লক্ষ্য মাত্রা অনুযায়ী বিধি মোতাবেক চাল/ধান সংগ্রহ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কর্মকর্তা আদিতমারী |
| ১৮ | সাব-রেজিষ্টার বিভাগ | সাব-রেজিষ্টার কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে।রেজিষ্টার কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | সাব-রেজিষ্টার আদিতমারী |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আদিতমারী, লালমনিরহাট। |
| ২০ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং মাঠ পর্যায়ে আনসার ভিডিপি কর্মীদের বাল্য বিবাহ, নারি ও শিশু নির্যাতন প্রতিরোধে তথ্যের সোর্স হিসেবে কাজ করতে হবে। কোথাও কোন অপ্রীতিকর পরিস্থিতি/গুজবের সৃষ্টি হলে তাৎক্ষণিক উপজেলা নির্বাহী অফিসার ও পুলিশ প্রশাসনকে জানাতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা আদিতমারী |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | নতুন ভোটার অন্তর্ভূক্তি, স্থানান্তর, ও সংশোধনের ক্ষেত্রে অধিকতর যাচাই বাচাই করতে হবে। কোন ভাবেই যেন কোন রোহিঙ্গা ভোটার তালিকায় নাম জাতীয় পরিচয় পত্র না পায় সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার আদিতমারী |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, আদিতমারী | সভায় পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী জোনাল অফিস এর ডিপুটি জেনারেল ম্যানেজার জানান যে, অনাবৃষ্টির কারণে আমন মৌসুমেও কৃষকঘন সেচের মাধ্যমে রোপা আমান ধান রোপনের কাজ শুরু করছে। প্রচন্ডতাপদাহের কারণে বাসাবাড়ীতেও বিদ্যুৎতের চাহিদা বৃষ্টি পেয়েছে। অপরদিকে গ্রীড হতে চাহিদার তুলনায় কম বিদ্যুৎ সরবরাহ পাওয়ায় লোডশেডিং চলছে। চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে এই লোডশেডিং এর পরিমান কমে আসবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | পল্লী বিদ্যুৎ অফিসের কার্যক্রম সঠিকভাবে মনিটরিং এবং বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের সচেষ্ট থাকতে হবে। | ডিপুটি জেনারেল ম্যানেজার,পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী। |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন,আদিতমারী | সভায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | অগ্নি সংযোগ প্রতিরোধে সচেতনতামুলক মহড়া কার্যক্রমের বৃদ্ধি করতে হবে এবং বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী। |
| ২৪ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী, লালমনিরহাট জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | তথ্য আপা প্রকল্প | সভায় তথ্য আপা প্রকল্পের তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | তথ্যআপা প্রকল্পের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী |
| ২৬ | উপজেলা পাট উন্নয়ন দপ্তর | উপজেলা পাট কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট অফিসার, আদিতমারী |
| ২৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস | সভায় উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান যে, সাধারণ ঋণ কার্যক্রম স্বাভাবিক চলছে এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ, নারী উদ্যোক্তা ঋণ, প্রনোদনা ঋণ-২য় পর্যায়, ও কৃষি উদ্যোক্তা ঋণ চলমান রয়েছে। এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসের কার্যক্রম গতিশীল করতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার আদিতমারী |
| ২৮ | ইনোভেশন টিম বিষয়ক | অত্র উপজেলায় ইনোভেশন টিম বিষয়ক সকল কার্যক্রম সঠিক ভাবে চলছে। | সভায় আলোচনান্তে উপজেলা ইনোভেশন টিম বিষয়ক কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হলো | সভাপতি উপজেলা ইনোভেশন টিম,আদিতমারী |
| ২৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | সভায় ইউডিএফ জানান যে, চলতি অর্থ বছরের জানান যে, উপজেলা মূল্যায়ন কার্যক্রম শীঘ্রই শুরু হবে। মন্ত্রণালয় হতে গত বছরের ন্যায় এ বছরেও ওয়েব সাইটে যাচাইয়ের মাধ্যমে মূল্যায়ন করা হবে। মূল্যায়ণে উত্তীর্ণের জন্য উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী নিয়মিত ওয়েব সাইটে আপলোড করতে হবে। বার্ষিক বাজেট ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে। এছাড়াও ১৭টি কমিটির বিধি মোতাবেক প্রতি দু'মাসে অন্তত ১টি সভা করে সভার কার্যবিবরণী, নোটিশ এবং হাজিরাসহ ওয়েব সাইটে আপলোড করতে হবে। তিনি সভায় সংশ্লিষ্ট ১৭টি কমিটির সদস্য-সচিবের দৃষ্টি আকর্ষনপূর্বক সভাগুলো নিয়মিত করার জন্য অনুরোধ জানান। | এ উপজেলা পরিষদের সার্বিক উন্নয়নের সার্থে ১৭টি কমিটির প্রতি ০২ মাসে অন্তত একটি করে সভার আয়োজন করে সভার কার্যবিবরণী প্রশাসক, উপজেলা পরিষদ বরাবর প্রেরণ করতে হবে। | সভাপতি/সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি |
| ৩০ | বিবিধ | (ক) সভায় আদিতমারী উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ হতে ২০২৮-২০২৯ অর্থ বছরের পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুমোদনের জন্য পেশ করা হয়।<br>(খ) প্রশাসক, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, এ উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত জনাব মো: ময়েন উদ্দিন, গত ০৮/০৫/২০১২ খ্রি. তারিখ জীপচালক পদে যোগদান করেন এবং জনাব মো: আশরাফুল আলম, অফিস সহায়ক এবং জনাব মিলন কুমার রায়, অফিস সহায়ক পদে ১৮/০৩/২০১৮ খ্রি. তারিখে যোগদান করে সন্তোষজনকভাবে অদ্যাবধি তাদের উপর অর্পিত দায়িত্ব পালন করে আসছেন। উপজেলা পরিষদ চাকুরী বিধিমালা-২০১০ এর ০৬ নং অনুচ্ছেদ মোতাবেক বর্ণিত কর্মচারীগণের চাকুরী স্থায়ী করা প্রয়োজন।<br>(গ) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, এ আদিতমারী উপজেলা পরিষদ সর্বমোট ১০.০৫ একর জমির উপর অবস্থিত। উপজেলা পরিষদের সীমানার ভিতরে সরকারী বিভিন্ন দপ্তর ও আবাসিক ভবন বিদ্যমান রয়েছে। পরিষদের চৌহদ্দির সীমানা প্রাচীর না থাকায় বিদ্যমান অফিসসমূহ ও আবাসিক ভবনে বসবাসকারী কর্মকর্তা/কর্মচারী বৃন্দের নিরাপত্তা ব্যাহত হচ্ছে। এছাড়াও পরিষদের আওতাধীন জমি বেদখলের হাত থেকে রক্ষার স্বার্থে জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মান করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী নিম্নোক্তভাবে প্রাক্কলন প্রস্তুতপূর্বক সভায় অনুমোদনের নিমিত্ত পেশ করেন।<br>উত্তর দিকের সীমানা প্রাচীর বাবদ সর্বমোট ১৯৩.৫০মি.দৈর্ঘের প্রাক্কলিত ব্যয় = ২১,২১,৬৩৮.৯৮ টাকা, দক্ষিন দিকের সীমানা প্রাচীর বাবাদ সর্বমোট ২০১.৫০মি. দৈর্ঘের প্রাক্কলিত ব্যয় =২৫,৮৬,৬৬৩.২৮ টাকা, পূর্ব দিকের সীমানা প্রাচীর বাবদ সর্বমোট ১৬৭.৫মি. দৈর্ঘের প্রাক্কলিত ব্যয় = ১৭,৯৫,৪৫৪.৫০ টাকা এবং পশ্চিম দিকের সীমানা প্রাচীর বাবদ সর্বমোট ২০১.৫০মি. দৈর্ঘের প্রাক্কলিত ব্যয় =২৫,৮৬,৬৬৩.২৮ টাকা একুনে সর্বমোট সর্বমোট ৯০,৯০,৪২০/- (নব্বই লক্ষ নব্বই হাজার চারশত কুড়ি) টাকা। | (ক) বিস্তারিত আলোচনান্তে এবং সর্বসম্মতিক্রম সভায় উপস্থাপিত আদিতমারী উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ হতে ২০২৮-২০২৯ অর্থ বছরের পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কোন সংশোধনী না থাকায় অনুমোদিত হয়।<br>(খ) এ উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত জনাব মো: ময়েন উদ্দিন, জীপচালক, জনাব মো: আশরাফুল আলম, অফিস সহায়ক এবং জনাব মিলন কুমার রায়, অফিস সহায়কগনের চাকুরী উপজেলা পরিষদ চাকুরী বিধিমালা-২০১০ এর ০৬ নং অনুচ্ছেদ মোতাবেক আগামী ১লা আগস্ট ২০২৫ খ্রি. হতে স্থায়ী করা হলো।<br>(গ) সভায় বিস্তারিত আলোচনান্তে এবং সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের আওতাধীন জমি বেদখলের হাত থেকে রক্ষা এবং পরিষদের সকল দপ্তরের নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের জন্য উপস্থাপিত সর্বমোট= ৯০,৯০,৪২০/- টাকার প্রাক্কলন পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের নিমিত্ত অনুমোদন করা হলো। বর্ণিত প্রাক্কলনটি স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমোদনের জন্য প্রেরণের যথযাথ ব্যবস্থা গহণ করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো। | প্রশাসক আদিতমারী উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) উপজেলা প্রকৌশল সভায় আরো জানান যে, উপজেলা পরিষদের আবাসিক (অভিরুচি, আশা, অভিরাম, অনামিকা এবং অভিলাস) ভবনসমূহ দীর্ঘদিন যাবত কোন প্রকার মেরামত সংস্কার না হওয়ায় বসবাসের অনুপযোগী হয়ে পরেছে। বর্ণিত ভবনসমূহ জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন মর্মে নিম্নোক্তভাবে প্রাক্কলন প্রস্তুতপূর্বক সভায় অনুমোদনের নিমিত্ত পেশ করেন।<br>(১) অভিরুচি আবাসিক ভবনের মেরামত বাবদ ৬,২৬,২৭৩/- টাকা<br>(২) আশা আবাসিক ভবনের মেরামত বাবদ ৬,১২,২৯০/- টাকা<br>(৩) অভিরাম আবাসিক ভবনের মেরামত বাবদ ৫,২২,২৪০/- টাকা<br>(৪) অনামিকা আবাসিক ভবনের মেরামত বাবদ ৬,২৬,২৭৩/- টাকা এবং<br>(৫) অভিলাস আবাসিক ভবনের মেরামত বাবদ ৫,২২,২৪০/- টাকা<br>তিনি সভায় আরো জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ না থাকায় বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগে থোক বরাদ্দের জন্য পত্র প্রেরণ করা প্রয়োজন। | (ঘ) সভায় বিস্তারিত আলোচনান্তে এবং সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের সরকারি সম্পদ রক্ষার স্বার্থে উপজেলা পরিষদের আবাসিক (অভিরুচি, আশা, অভিরাম, অনামিকা এবং অভিলাস) ভবনসমূহ জরুরী ভিত্তিতে মেরামতের জন্য উপস্থাপিত প্রাক্কলন অনুমোদন করা হলো। বর্ণিত প্রাক্কলনসমূহ স্থানীয় সরকার বিভাগের অনুমোদনসহ থোক বরাদ্দের জন্য পত্র প্রেরণের যথযাথ ব্যবস্থা গহণ করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | প্রশাসক আদিতমারী উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৭/২০২৫
(বিধান কান্তি হালদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।
২৮/০৭/২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।
aditmari.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২০২.০০০.০২.০৬৬.২৫- ১০৪৫ (৪০) তারিখ: ১৩শ্রাবণ ১৪৩২ / ২৮জুলাই ২০২৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৬। উপজেলা .................................................................. অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
০৭। চেয়ারম্যান ..................................................................(সকল) ইউ.পি, আদিতমারী, লালমনিরহাট।
০৮। ..................................................................আ দিতমার, লালমনিরহাট।

২৮/০৭/২০২৫
(বিধান কান্তি হালদার)
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট
ফোন ঃ ০৫৯২২-৫৬০০১ (অফিস)
ফ্যাক্স নং ঃ ০৫৯২২-৫৬০৮০
Email. unoaditmari@mopa.gov.bd
২৮/০৭/২৫